UNIT 04

# Let's Play with Sounds and Numbers
[লেট্‌স্ প্লেই উইদ সাউন্‌ড্‌স্ আন্‌ড্ নাম্বা(র)স্]
এসো ধ্বনি এবং সংখ্যা নিয়ে খেলি

Unit-04 LESSON-01

## Say the middle sounds /æ/ and /e/
(সেই দা মিড্‌ল্ সাউন্‌ড্‌স্ /অ্যা/ আন্‌ড্ /এ/) – মধ্য ধ্বনি অ্যা /æ/ এবং এ/e/বলি

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা মধ্যবর্তী ধ্বনি বলতে শিখবে। **Activity A**-তে শিক্ষক ছবি দেখে ও শুনে শব্দগুলো শিক্ষার্থীদের বলতে বলবেন। **Activity B**-তে দেখে এবং শুনে শব্দগুলোর মধ্যবর্তী ধ্বনি বলতে বলবেন। **Activity C**-তে ছবি দেখে, শুনে বলতে বলবেন। **Activity D**-তে শব্দগুলো বলতে বলবেন। **Activity E**-তে শব্দগুলোর মধ্যবর্তী ধ্বনি বলতে বলবেন। **Activity F**-এ ছবি দেখে শুনতে ও বলতে বলবেন। **Activity G**-তে একই ধ্বনির প্রতি জোড়া শব্দের পাশে S এবং ভিন্ন ধ্বনির জোড়ার পাশে D লিখতে বলবেন। **Activity H**-এ শুনতে ও বলতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Saying middle sounds with appropriate pronunciation (যথাযথ উচ্চারণসহ মধ্যবর্তী ধ্বনি বলা)
- Reading simple sentence with proper stress, intonation and punctuation (শ্বাসাঘাত, স্বরভেদ ও বিরামচিহ্ন ব্যবহার করে সাধারণ বাক্য পড়া)
- Identifying words with different middle sounds (বিভিন্ন মধ্যবর্তী ধ্বনিসহ শব্দ চিহ্নিত করা)

## VOCABULARY (ভক্যাবিয়্যুলারি)– শব্দভান্ডার

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **again** (আগেন)*adv.* ~আবার | *once more, another time* SYN **one more** – আর একবার | Recite the poem again. (কবিতাটি আবার আবৃত্তি করো।) |
| **bag** (ব্যাগ্)*n.*~থলে | *a container made of thin paper or plastic* SYN **sack** – থলে | There is nothing in his bag. (তার ব্যাগে কিছু নাই।) |
| **between** (বিটুয়িন)*prep.* ~মধ্যে, মাঝে | *involving two or more groups of people* SYN **amidst** – মাঝে | Divide the mango between the two boys. (আমটি বালক দুটির মধ্যে ভাগ করে দাও।) |
| **den** (ডেন্)*n.*~গুহা | *a wild animal's home* SYN **hideaway** – লুকানোর স্থান | A tiger lives in a den. (বাঘ গুহায় বাস করে।) |
| **difference** (ডিফ্‌রান্‌স্)*n.* ~পার্থক্য, ভিন্নতা | *the way in which two people or things are not the same* SYN **distinction** – পার্থক্য | There is no difference between the two pens. (কলম দুটির মধ্যে কোনো পার্থক্য নেই।) |
| **fat** (ফ্যাট্)*n.*~মোটা | *having too much flesh* SYN **bulky** – স্থূলাকায় | The man is very fat. (লোকটি খুব মোটা।) |
| **finally** (ফাইনালি)*adv.* ~সবশেষে | *at last* SYN **lastly** – শেষত | Finally he agreed to do the owrk. (অবশেষে সে কাজটি করতে রাজী হলো।) |
| **hat** (হ্যাট)*n.*~টুপি | *something you wear to cover your head* SYN **cap** – টুপি | He wears a hat on his head. (সে তার মাথায় একটি হ্যাট পরলো।) |
| **hen** (হেন্)*n.*~মুরগি | *a type of domestic bird* SYN **chicken/fowl** – মুরগি/মোরগ | The hen lays egg. (মুরগী ডিম পাড়ে।) |
| **mat** (ম্যাট্)*n.*~মাদুর | *a piece of fabric placed on a table or floor* SYN **carpet** – কার্পেট | He sat on the mat. (সে মাদুরের উপর বসলো।) |
| **middle** (মিড্‌ল্)*adj.*~মধ্য | *at an equal distance from the sides* SYN **centre** – কেন্দ্র/মধ্যে | He sat in the middle of the yard. (সে উঠানের মাঝখানে বসলো।) |
| **net** (নেট্)*n.*~জাল | *a type of web, made of fabric, rope or threads* SYN **web** – জাল | He catches fish with net. (সে জাল দ্বারা মাছ ধরে।) |
| **pen** (পেন্)*n.*~কলম | *an object for writing* | Give me a red pen. (আমাকে একটি লাল কলম দাও।) |

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **red** (রেড্)*adj.*~লাল | *a kind of color* SYN **crimson** – লাল | I don't like <u>red</u> colour. (আমি লাল রং পছন্দ করি না।) |
| **sound** (সাউন্ড্)*n.* ~শব্দ, ধ্বনি | *something that we hear or that can be heard* SYN **noise** – কোলাহল | I have heard a <u>sound</u> at night. (আমি রাতে একটি শব্দ শুনতে পেলাম।) |
| **tiger** [টাইগা(র)]*n.*~বাঘ | *large wild eat that has yellow far with black lines* | I saw a <u>tiger</u> in the zoo. (আমি চিড়িয়াখানায় একিট বাঘ দেখেছি।) |

## Session-44 (2) Textbook Activity A & B

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 40*

**A** **Look, listen and say the words.** (লুক, লিস্ন্ আন্ড্ সেই দা ওয়া:ড্স্।)– শব্দগুলো দেখো, শোনো এবং বলো।

| | |
|---|---|
|  |  |
| bag (ব্যাগ্)– থলে | mat (ম্যাট্)– মাদুর |
|  |  |
| hat (হ্যাট্)– টুপি | cat (ক্যাট্)– বিড়াল |

**B** **Look and listen. Say the words and their middle sounds 'æ'. Finally, say the words again, for example :** [লুক আন্ড্ লিস্ন্। সেই দা ওয়া:ড্স্ আন্ড্ দেয়া(র) মিড্ল সাউন্ড্স্ 'অ্যা'। ফাইনালি সেই দা ওয়া:ড্স্ আগেইন, ফ(র) ইগ্জাম্প্ল্]– দেখো এবং শোনো। শব্দগুলো এবং তাদের মধ্যধ্বনি 'æ' (/অ্যা/) বলো। সবশেষে শব্দগুলো আবার বলো, উদাহরণস্বরূপ :

| | |
|---|---|
|  | T: bag (ব্যাগ্) Ss: bag (ব্যাগ্)<br>T: a (/æ/) (/অ্যা/) Ss: a (/æ/) (/অ্যা/)<br>T : a (/æ/) (/অ্যা/) S1: a (/æ/) (/অ্যা/)<br>T: bag (ব্যাগ্) S2: bag (ব্যাগ্)<br>Continue .............. |

**Ans.**

Continue as above (কান্টিনিউ অ্যাজ আবাভ্)– উপরের মতো চালিয়ে যাও।

| | |
|---|---|
|  | T : mat (ম্যাট্) Ss : mat (ম্যাট্)<br>T : 'a' (/æ/ অ্যা) Ss : 'a' (/æ/ অ্যা)<br>T : mat Ss : mat |
|  | T : hat (হ্যাট্) Ss : hat (হ্যাট্)<br>T : 'a' (/æ/ অ্যা) Ss : 'a' (/æ/ অ্যা)<br>T : hat Ss : hat |
|  | T : cat (ক্যাট্) Ss : cat (ক্যাট্)<br>T : 'a' (/æ/ অ্যা) Ss : 'a' (/æ/ অ্যা)<br>T : cat Ss : cat |

## Session-45 Textbook Activity C, D & E

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 41*

**C** **Look, listen and say.** (লুক, লিস্‌ন্ আন্‌ড্ সেই।)– দেখো, শোনো এবং বলো।

| | |
|---|---|
| **a cat on a mat**<br>(আ ক্যাট্ অন্ আ ম্যাট্)<br>– মাদুরের উপর একটি বিড়াল। |  |
| **a hat on a cat**<br>(আ হ্যাট্ অন্ আ ক্যাট্)<br>– বিড়ালের মাথায় একটি ক্যাপ |  |
| **a bag on a mat**<br>(আ ব্যাগ্ অন্ আ ম্যাট্)<br>– মাদুরের উপর একটি ব্যাগ |  |

### Grammar Focus **Preposition (Pre– + Position = পূর্বে অবস্থান)**

**ON :** কোনোকিছুর উপরে অন্য কোনোকিছু স্পর্শ করে থাকা অর্থে on ব্যবহৃত হয়। একে Preposition বলে।
Preposition মূলত সেইসব শব্দ যা noun-এর পূর্বে ব্যবহৃত হয়ে বাক্যের অন্যান্য word-এর সাথে সম্পর্ক নির্দেশ করে। বিভিন্ন ধরনের Preposition রয়েছে। যেমন– in (মধ্যে), on (উপরে), at (দিকে) ইত্যাদি।

**লক্ষ করো**

The book is <u>in</u> the bag. (বইটি ব্যাগের মধ্যে)
The book is <u>on</u> the table. (বইটি টেবিলের উপর।)
She looks <u>at</u> the bird. (সে পাখিটির দিকে তাকায়।)

**D** **Look, listen and say the words.** (লুক্ লিস্‌ন্ সেই দা ওয়া:ড্‌স্)– শব্দগুলো দেখো, শোনো এবং বলো।

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| pen (পেন্)– কলম | hen (হেন্)– মুরগি | red (রেড্)– লাল | net (নেট্)– জাল |

**E** **Look and listen. Say the words and their middle sound /e/, and then say the words again, for example :** [লুক আন্‌ড্ লিস্‌ন্। সেই দা ওয়া:ড্‌স্ আন্‌ড্ দেয়া(র) মিড্‌ল্ সাউন্‌ড্ /এ/, আন্‌ড্ দেন সেই দা ওয়া:ড্‌স্ আগেইন। ফ(র) ইগ্‌জাম্প্‌ল্]– দেখো এবং শোনো। শব্দগুলো এবং তাদের মধ্যধ্বনি 'e' বলো, এবং তারপর শব্দগুলো আবার বলো। উদাহরণস্বরূপ :

T: pen (পেন্) Ss: pen (পেন্)
T: 'e' (/এ/) Ss: 'e' (/এ/)
T: pen (পেন্) Ss: pen (পেন্) Continue ........ (চলবে..........)

**Ans.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| T: pen (হেন্) | Ss : hen (হেন্) | T : red (রেড্) | Ss : red (রেড্) | T : net (নেট্) | Ss : net (নেট্) |
| T : 'e' | Ss : 'e' (/এ/) | T : (e) (/এ/) | Ss : 'e' (/এ/) | T : 'e' (/এ/) | Ss : 'e' (/এ/) |
| T : hen | Ss : hen | T : red | Ss : red | T : net | Ss : net |

**লক্ষ করো**

/e/ বা '/ɛ/' হচ্ছে একটি short vowel যা খুব দ্রুত ও হালকা তালে উচ্চারিত হয়। এটিকে /এ/ বা /ɛ/ আকারে লিখতে হয়। যেমন– bed (বেড্) → b/e/d

## Session-46 Textbook Activity F, G & H

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 42*

**F** **Look, listen and say.** (লুক লিস্‌ন্‌ আন্‌ড্‌ সেই।)– দেখো, শোনো এবং বলো।



| Text | উচ্চারণ | বঙ্গানুবাদ |
|---|---|---|
| **a den and a hen** | আ ডেন আন্‌ড্‌ আ হেন | একটি গুহা এবং একটি মুরগি |
| Ten men look into a tiger's den. They see no tiger, but a fat red hen. | টেন মেন লুক ইন্‌টু আ টাইগা(র)স ডেন। দেই সী নো টাইগা(র), বাট আ ফ্যাট রেড্‌ হেন। | দশজন মানুষ একটি বাঘের গুহা পরীক্ষা করে দেখে। তারা কোন বাঘ দেখে না, কিন্তু একটি মোটা লাল মুরগি দেখতে পায়। |

**G** **Listen to each of the following pairs of words. Write S (same) if the middle sounds of a pair are the same. Write D (different) if the middle sounds of a pair are different. One is done for you.** [লিস্‌ন্‌ টু ঈচ্‌ অভ্‌ দা ফলোউইং পেআ(র)স্‌ অভ্‌ ওয়া:ড্‌স্‌। রাইট এস (সেইম) ইফ দা মিড্‌ল সাউন্‌ড্‌স্‌ ফ(র) আ পেআ(র) আ(র) দা সেইম। রাইট ডী (ডিফ্‌রান্‌ট্‌) ইফ দা মিড্‌ল সাউন্ডস্‌ অভ্‌ আ পেআ(র) আ(র) ডিফরান্‌ট্‌। ওয়ান ইজ ডান ফ(র) ইউ।]– নিচের প্রত্যেক শব্দ জোড়াগুলো শোনো। শব্দ জোড়ের মধ্য ধ্বনিগুলো একই হলে 'S' লেখো। শব্দজোড়ের ধ্বনিগুলো ভিন্ন হলে 'D' লেখো। একটি তোমাদের জন্য করে দেওয়া আছে।

1. pen pan D
2. man men
3. bag mat
4. pen ten
5. bed cat

**Ans.**

1. pen (পেন্‌)– কলম pan (প্যান্‌)– কড়াই D
2. man (ম্যান্‌)– মানুষ men (মেন্‌)– মানুষগুলো D
3. bag (ব্যাগ্‌)– থলে mat (ম্যাট্‌)– মাদুর S
4. pen (পেন্‌)– কলম ten (টেন্‌)– দশ S
5. bed (বেড্‌)– বিছানা cat (ক্যাট)– বিড়াল D

**H** **Listen and say.** (লিস্‌ন আন্‌ড্‌ সেই।)– শোনো এবং বলো।

T : (writes on board) pen
S1: .............
T : fan
S2: .............

**Ans.**

T : (writes on board) pen– (বোর্ডে লিখবে) কলম
S1: <u>pen (পেন্‌)– কলম</u>
S3: den (ডেন্‌)– গুহা
S5: hen (হেন্‌)– মুরগী
S6: bed (বেড্‌)– বিছানা
S7: pet (পেট্‌)– পোষা প্রাণী

T : fan (ফ্যান্‌)– পাখা
S2: fan (ফ্যান্‌)– পাখা
S4: man (ম্যান্‌)– মানুষ
S6: pan (প্যান্‌)– কড়াই
S8: mat (ম্যাট্‌)– মাদুর
S10: cat (ক্যাট্‌)– বিড়াল

## Unit-04 LESSON-02

# Say the middle sounds /I/ and /i:/

(সেই দা মিড্ল সাউন্ড্স্ /ই/ আন্ড্ /ঈ/) – মধ্য ধ্বনি ই /i/ এবং ঈ /i:/ বলি

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা মধ্যবর্তী ধ্বনি বলতে শিখবে। Activity A-তে শিক্ষক ছবি দেখে শুনতে ও বলতে বলবেন। Activity B-তে প্রতিটি শব্দ শুনে মধ্যবর্তী ধ্বনিসহ বলতে বলবেন। Activity C-তে মধ্যবর্তী ধ্বনি বলতে বলবেন। Activity D-তে শব্দগুলো দেখে শুনতে ও বলতে বলবেন। Activity E-তে কিছু শব্দের মধ্যবর্তী ধ্বনি বলতে বলবেন। Activity F-এ জোড়ায় জোড়ায় শব্দগুলো পড়তে বলবেন। Activity G-তে ঐ জোড়াগুলো একই ধ্বনির হলে S এবং ভিন্ন হলে D লিখতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Saying middle sounds with appropriate pronunciation (যথাযথ উচ্চারণসহ মধ্যবর্তী ধ্বনি বলা)
- Looking at the picture saying middle sounds (ছবি দেখে মধ্যবর্তী ধ্বনি বলা)
- Choosing pair of words with middle sounds (মধ্যবর্তী ধ্বনিযুক্ত শব্দ জোড়া বাছাই করা)

## VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভান্ডার

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **bean** (বীন্)*n.* ~শিম, মটরশুঁটি | *seed of a climbing plant, that is used as food* SYN **legume** – শিম | <u>Bean</u> is a good vegetable. (শিম একটি ভালো সবজি।) |
| **feed** (ফীড্)*v.*~খাওয়ানো | *to give food to a person or animal* SYN **dine** – খাওয়ানো | I <u>feed</u> my pet bird. (আমি আমার পোষা পাখিকে খাওয়াই।) |
| **fin** (ফিন্)*n.*~পাখনা, ডানা | *a type of feather* SYN **wing** – ডানা | The sparrow has two little <u>fins</u>. (চড়~ই পাখির দুটি ছোট ডানা আছে।) |
| **heat** (হীট্)*n.*~তাপ, উত্তাপ | *a state of being hot* SYN **warmth** – উত্তাপ | Today <u>heat</u> wave has increased. (আজ তাপ প্রবাহ বৃদ্ধি পেয়েছে।) |
| **hill** (হিল্)*n.*~পাহাড় | *a naturally raised area of land* SYN **mound** – পাহাড়/ঢিবি | I can climb <u>hill</u>. (আমি পাহাড় আরোহণ করতে পারি।) |
| **hit** (হিট্)*n.*~আঘাত | *an incident of striking or being struck* SYN **strike** – আঘাত | He <u>hit</u> me on my back. (সে আমার পিঠে আঘাত করলো।) |
| **pin** (পিন্)*n.*~আলপিন | *a thin piece of metal with a sharp point* SYN **nail** – পেরেক | It is a <u>pin</u>. (এটি একটি আলপিন।) |
| **sheep** (শীপ)*n.* ~মেষ, ভেড়া | *a farm animal with thick wool that eats grass and is kept for its wool, skin and meat* SYN **lamb** – ভেড়া | He raises <u>sheep</u>. (সে মেষ পালন করে।) |
| **ship** (শিপ্)*n.*~জাহাজ | *a large boat that carries people or goods by sea* SYN **vessel** – জাহাজ | I see a large <u>ship</u> in the see. (সাগরে আমি একটি বড় জাহাজ দেখতে পাচ্ছি।) |
| **sleep** (স্লীপ)*n.*~ঘুম | *not awake, the resting state in which the body is not active* SYN **rest** – বিশ্রাম | I go to <u>sleep</u> at 10:00 p.m. (আমি রাত ১০:০০ টায় ঘুমাতে যাই।) |
| **slip** (স্লিপ)*v.*~পিছলে যাওয়া | *sliding* SYN **slide** – পিছলে যাওয়া | My feet <u>slipped</u> and I fell down. (আমার পা পিছলে গেল এবং আমি পড়ে গেলাম।) |
| **tin** (টিন্)*n.*~টিন | *a silvery-white metal* SYN **canistar** – টিন | The can is made of <u>tin</u>. (ক্যানটি টিনের তৈরি।) |

## Session-47 Textbook Activity A, B & C

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 43*

**A** **Look, listen and say.** (লুক্, লিস্ন্ আন্ড্ সেই।)– দেখো, শোনো এবং বলো।

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| tin (টিন্)– টিন | pin (পিন্)– আলপিন | hill (হিল্)– পাহাড় | pill (পিল্)– ঔষুধের বড়ি |

### Let's Practice ~ এসো অনুশীলন করি

▸ **Write true or false. (সত্য অথবা মিথ্যা লিখো।)**

(a) There is a single pill in the picture.
(b) There are two pins in the picture.
(c) The hill looks so nice.
(d) The sheet of tin is plain.
(e) The pills are kept in a pot.

**Ans.**

(a) False (b) False (c) True (d) False (e) True

**B** **Look, listen and say each word. Then say the middle sound. Finally, say the word again, for example :** [লুক, লিস্‌ন্ আন্‌ড্ সেই ঈচ্ ওয়া:ড্। দেন সেই দা মিড্‌ল সাউন্‌ড্। ফাইনালি, সেই দা ওয়া:ড্ আগেন, ফ(র) ইগ্‌জাম্প্‌ল্]– প্রত্যেকটি শব্দ দেখো, শোনো এবং বলো। তারপর মধ্য ধ্বনি বলো। সবশেষে শব্দটি আবার বলো। উদাহরণস্বরূপ :

| | | |
|---|---|---|
| T: tin (টিন্) | Ss: tin (টিন্) | |
| T: 'i' (/ই/) | Ss: 'i' (/ই/) | |
| T: tin (টিন্) | pin (পিন্) | Continue ....... |

**Ans.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| T: pin (পিন্) | Ss : pin (পিন্) | T : hill (হিল্) | Ss : hill (হিল্) | T : pill (পিল্) | Ss : pill (পিল্) |
| T : 'i' (/ই/) | Ss : 'i' (/ই/) | T : 'i' (/ই/) | Ss : 'i' (/ই/) | T : 'i' (/ই/) | Ss : 'i' (/ই/) |
| T : pin (পিন্) | Ss : pin (পিন্) | T : hill (হিল্) | Ss : hill (হিল্) | T : pill (পিল্) | Ss : pill (পিল্) |

**লক্ষ করো**

/i/বা /I/ → ই/ি হচ্ছে short vowel sound যা স্বল্প সময়ে উচ্চারিত হয়।
/i:/ → ঈ/ী হচ্ছে long vowel sound যা একটু দীর্ঘ সময় নিয়ে উচ্চারিত হয়।
যেমন– fig = f/I/g → ই/ি → /ফিগ/

**C** **Listen to a word and say its middle sound, for example :** (লিস্‌ন্ টু আ ওয়া:ড্ আন্‌ড্ সেই ইট্‌স্ মিড্‌ল সাউন্‌ড্, ফ(র) ইগ্‌জাম্পল্।)– একটি শব্দ শোনো এবং এর মধ্য ধ্বনি বলো। উদাহরণস্বরূপ :

| | | |
|---|---|---|
| T: pin (পিন্) | Ss: 'i' (/ই/) | |
| T: hill (হিল্) | Ss: 'i' (/ই/) | ....... Continue ......... |

**Ans.**

| | | | |
|---|---|---|---|
| T: tin | Ss : 'i' (/ই/) | T : fin | Ss : 'i' (/ই/) |
| T : pill | Ss : 'i' (/ই/) | T : slip | Ss : 'i' (/ই/) |

## Session-48 | Textbook Activity D, E, F & G

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 43, 44*

**D** **Look, listen and say the words.** (লুক, লিস্‌ন্ আন্‌ড্ সেই দা ওয়া:ড্‌স্।)– শব্দগুলো দেখো, শোনো এবং বলো।

|  |  |  |  |
|---|---|---|---|
| bean (/bi:n/ বীন্)– শিম | sleep (/sli:p/ স্লীপ)– ঘুম | sheep (/Si:p/ শীপ)– ভেড়া | feed (fi:d/ ফীড্)– খাওয়ানো |

**E** **Look, listen and say the words in D above. Then say their middle sounds. Finally say the words again, for example :** [লুক্‌, লিস্‌ন্‌ আন্‌ড্‌ সেই দা ওয়া:ড্‌স্‌ ইন ডী আবাভ্‌। দেন সেই দেয়া(র) মিড্‌ল্‌ সাউন্‌ড্‌স্‌। ফাইনালি সেই দা ওয়া:ড্‌স্‌ আগেইন্‌, ফ(র) ইগ্‌জাম্প্‌ল্‌]– উপরের D-এর শব্দগুলো দেখো, শোনো এবং বলো। তারপর তাদের মধ্য ধ্বনি বলো। সবশেষে শব্দগুলো আবার বলো। উদাহরণস্বরূপ :

| | | |
|---|---|---|
| T: bean (বীন্‌) | Ss: bean (বীন্‌) | |
| T: ea (/ঈ/) | Ss: ea (/ঈ/) | |
| T: bean | Ss: bean | Continue ............ |

**Ans.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| T: sleep (স্লীপ্‌) | Ss : sleep | T : sheep (শীপ্‌) | Ss : sheep | T : feed (ফীড্‌) | Ss : feed |
| T : ee (/ঈ/) | Ss : ee (/ঈ/) | T : ee (/ঈ/) | Ss : ee (/ঈ/) | T : ee (/ঈ/) | Ss : ee (/ঈ/) |
| T: sleep | Ss : sleep | T : sleep | Ss : sleep | T : feed | Ss : feed |

**F** **Listen and say the following pairs of words. Now, read the pairs aloud.**
[লিস্‌ন্‌ আন্‌ড্‌ সেই দা ফলোইঙ্‌ পেআ(র)স্‌ অভ্‌ ওয়া:ড্‌স্‌। নাউ, রীড দা পেআ(র)স্‌ আলাউড্‌।]– নিচের শব্দ জোড়াগুলো শোনো এবং বলো। এখন শব্দ জোড়গুলোকে উচ্চস্বরে পড়ো।

| | | | |
|---|---|---|---|
| 1. slip | sleep | 5. ship | sheep |
| 2. feed | fin | 6. hit | heat |
| 3. bean | bin | 7. sheep | sheep |
| 4. slip | slip | 8. bin | bin |



**Ans.**

| | |
|---|---|
| 1. slip (স্লিপ্‌)– পিছলানো | sleep (স্লীপ্‌)– ঘুমানো |
| 2. feed (ফীড্‌)– খাওয়ানো | fin (ফিন্‌)– পাখনা/ডানা |
| 3. bean (বীন্‌)– শিম | bin (বিন্‌)– ময়লা রাখার পাত্র |
| 4. slip (স্লিপ্‌)– পিছলানো | slip (স্লিপ্‌)– পড়ে যাওয়া |
| 5. ship (শিপ্‌)– জাহাজ | sheep (শীপ্‌)– ভেড়া |
| 6. hit (হিট্‌)– আঘাত করা | heat (হীট্‌)– তাপ |
| 7. sheep (শীপ্‌)– ভেড়া | sheep (শীপ্‌)– ভেড়া |
| 8. bin (বিন্‌)– ময়লা রাখার পাত্র | bin (বিন্‌)– ময়লা রাখার পাত্র |

**লক্ষ করো**

/i/বা /I/ → ই/ি → এটা short vowel sound
/i:/ → ঈ/ী → এটা long vowel sound

**G** **Listen to each of the pairs of words in F above. Write S (same) if the middle sounds of a pair are the same. Write D (different) if the middle sounds of a pair are different.** [লিস্‌ন্‌ টু ঈচ্‌ অভ্‌ দা পেয়া(র)স্‌ অভ্‌ ওয়াড্‌স্‌ ইন এফ আবাভ্‌। রাইট এস (সেইম) ইফ দা মিড্‌ল্‌ সাইন্‌ড্‌স্‌ অভ্‌ আ পেআ(র) আ(র) দা সেইম। রাইট ডী (ডিফ্‌রান্‌ট্‌) ইফ্‌ দা মিড্‌ল্‌ সাউন্‌ড্‌স্‌ অভ্‌ আ পেআ(র) আ(র) ডিফ্‌রান্‌ট্‌।]– উপরের F-এর প্রতিটি শব্দজোড়া শোনো। একটি জোড়ার মধ্য ধ্বনি যদি একই হয় তবে 'S' লেখো এবং একটি জোড়ার মধ্য ধ্বনি যদি ভিন্ন হয় তবে 'D' লেখো।

**Ans.**

| | | |
|---|---|---|
| 1. slip (স্লিপ্‌)– পিছলানো – sleep (স্লীপ্‌)– ঘুম/ঘুমানো | D | i – ee |
| 2. feed (ফীড্‌)– খাওয়ানো – fin (ফিন্‌)– পাখনা/ডানা | D | ee – i |
| 3. bean (বীন্‌)– শিম – bin (বিন্‌)– ময়লা রাখার পাত্র | D | ea – i |
| 4. slip (স্লিপ্‌)– পিছলানো – slip (স্লিপ্‌)– পড়ে যাওয়া | S | i – i |
| 5. ship (শিপ্‌)– জাহাজ – sheep (শীপ্‌)– ভেড়া | D | i – ee |
| 6. hit (হিট্‌)– আঘাত করা – heat (হীট্‌)– তাপ | D | i – ea |
| 7. sheep (শীপ্‌)– ভেড়া – sheep (শীপ্‌)– ভেড়া | S | ee – ee |
| 8. bin (বিন্‌)– ময়লা রাখার পাত্র – bin (বিন্‌)– ময়লা রাখার পাত্র | S | i – i |

## পাঠ সহায়ক আলোচনা : Sound

**Sound কাকে বলে?**

Word-এর সবচেয়ে ক্ষুদ্রতম একক হলো sound (সাউন্‌ড্)। অর্থাৎ একটি word-কে ভাঙলে যে সর্বশেষ অবিভাজ্য অংশ বের হয় তা-ই সাউন্‌ড্ বা ধ্বনি।

প্রতিটি word-ই vowel sound এবং consonant sound দ্বারা উৎপন্ন হয়। তাই একটি word-কে ভাঙলে মূলত এই দুই ধরনের sound পাওয়া যায়। Sound – সমূহ শব্দের উচ্চারণে প্রতিফলিত হয়। যেমন–

D E N

Initial (beginning) sound /d/ → D
Middle sound /e/ → E
Final (end) sound /n/ → N

**এখন কয়েকটি vowel sound এবং consonant sound লক্ষ করো :**

**Vowel sound**

/æ/ → অ্যা
/i/বা /I/ → ই
/u/ → উ
/e/ → এ
/^/ → আ

**Consonant sound**

/m/ → ম্    v → ভ
/b/ → ব্    p → ফ
/f/ → ফ্    s → স্
/t/ → ঠ্/ট্    /n/ → ন্
/l/ → ল্

**Examples :**

**Initial sound**

ant = a(/æ/)nt → অ্যান্‌ট্
apple = a(/æ/)pple → অ্যাপ্‌ল্
ash = a(/æ/)sh → অ্যাশ্
fan = f(/f/)an → ফ্যান্
mat = m(/m/)at → ম্যাট্
man = m(/m/)an → ম্যান্

**Middle sound**

tin = ti(/I/)n → টিন্
good = g(/u/)d → গুড্
bed = b(/e/)d → বেড্
cut = c(/^/)t → কাট্

**Final sound**

van = van(/n/) → ভ্যান্
bat = bat(/t/) → ব্যাট্
pan = pan(/n/) → প্যান্

**Unit-04**
**LESSON-03**

## Rhyme
## (রাইম্) – ছড়া

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলন করে শিক্ষার্থীরা ছড়ার মাধ্যমে শিখতে পারবে।

**Activity A**-তে শিক্ষক শিক্ষার্থীদেরকে ছবির সাথে প্রাণীর নাম মিল করতে বলবেন। **Activity B**-তে ছড়ায় প্রাণীর নাম শুনে সেই প্রাণীর ডাক দিতে বলবেন। **Activity C**-তে ছড়াটি উচ্চস্বরে পড়তে বলবেন। **Activity D**-তে শিক্ষক শিক্ষার্থীদের বলবেন তাদের নিজের ভাষায় একটি ছড়া বলতে।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Listening to and comprehending rhymes (ছড়া শোনা এবং বুঝতে পারা)
- Reciting rhymes aloud after teacher (শিক্ষকের পরে উচ্চস্বরে ছড়া আবৃত্তি করা)
- Introducing with various animals (বিভিন্ন প্রাণীর সাথে পরিচিত করা)

### VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **animal** (অ্যানিম্‌ল্)*n.*~প্রাণী | *a living organism* **SYN** **beast – পশু** | The elephant is a large animal. (হাতি একটি বৃহৎ প্রাণি।) |
| **boat** (বোউট্)*n.*~নৌকা | *a small vessel for travelling over water* **SYN** **vessel – জলযান** | We had a boat journey last week. (গত সপ্তাহে আমরা নৌকা ভ্রমণে গিয়েছিলাম।) |

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **but** (বাট)*con.*~কিন্তু | *contrasting with what has already been mentioned* | He is poor <u>but</u> honest. (সে গরীব তবে সৎ।) |
| **crocodile** (ক্রকডাইল)*n.* ~কুমির | *a large reptile with a hard skin* SYN **alligator** – কুমির | There are <u>crocodiles</u> in this river. (এ নদীতে কুমির আছে।) |
| **dream** (ড্রীম্)*n.*~স্বপ্ন | *a series of events or images that happen in your mind when you are sleeping* SYN **reality** – বাস্তবতা | Every man has a <u>dream</u> in life. (প্রত্যেক মানুষের জীবনে একটি স্বপ্ন থাকে।) |
| **forget** [ফ:গেট্]*v.*~ভুলে যাওয়া | *not remember, to be unable to remember* OPP **recall** – মনে করা | I can't <u>forget</u> the matter. (আমি বিষয়টি ভুলতে পারছি না।) |
| **gently** (জেন্ট্লি)*adv.* ~মৃদুভাবে | *with a tender manner* OPP **harshly** – কঠোরভাবে | He talks to me <u>gently</u>. (সে আমার সাথে মৃদুভাবে কথা বলে।) |
| **life** (লাইফ)*n.*~জীবন | *the existence of human being or animal* OPP **death** – মৃত্যু | Water is called <u>life</u>. (পানির অপর নাম জীবন।) |
| **lion** (লাইআন্)*n.*~সিংহ | *a beast of prey* | The <u>lion</u> is a strong animal. (সিংহ একটি শক্তিশালি প্রাণি।) |
| **merrily** (মেরিলি)*adv.* ~সানন্দে, আনন্দের সাথে | *in a cheerful way* SYN **delightfully** – আনন্দ সহকারে | We spend the time <u>merrily</u>. (আমরা আনন্দের সাথে সময় কাটালাম।) |
| **polar bear** [পোলা(র্) বিয়া(র্)]*n.*~শ্বেতভল্লুক | *a large white arctic bear* SYN **ice bear/sea bear** – শ্বেতভল্লুক | <u>Polar bears</u> are very strong. (শ্বেতভল্লুক খুব শক্তিশালী।) |
| **river** [রিভা(র্)]*n.*~নদী | *a large natural stream of water larger than a creek* SYN **stream** – স্রোতস্বিনী | The Padma is a big <u>river</u>. (পদ্মা একটি বড় নদী।) |
| **roar** [রো:(র্)]*v.*~গর্জন করা | *utter a deep, long cry* SYN **growl** – গর্জন করা | The tiger began to <u>roar</u>. (বাঘটি গর্জন করতে শুরু করল।) |
| **row** (রো:)*v.*~বৈঠা বাওয়া | *to move a boat through the water using oars* SYN *paddle* – বৈঠা বাওয়া | The boatman started to <u>row</u>. (মাঝি বৈঠা বাইতে শুরু করলো।) |
| **scream** (স্ক্রীম্)*v.* ~আর্তনাদ করা | *to make a loud, high noise with our voice* SYN **shout** – চিৎকার করা | The child was <u>screaming</u> in fear. (শিশুটি ভয়ে আর্তনাদ করল।) |
| **shore** [শো:(র্)]*n.*~তীর, তট | *the land along the edge of a sea, lake* SYN **coast** – উপকূল | Fishermen live in the sea <u>shore</u>. (জেলেরা সাগর পাড়ে বাস করে।) |
| **shriek** (শ্রীক)*v.* ~তীক্ষ্ণ চিৎকার করা | *making a loud sound* SYN **scream** – আর্তনাদ করা | We heard her <u>shrieking</u>. (আমরা তাকে চিৎকার করতে শুনলাম।) |

## Session-49 Textbook Activity A & B

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 45*

**A** **Match the pictures with the names of the animals.**
[ম্যাচ্ দা পিক্চা(র)স্ উইদ দা নেইম্স্ অভ্ দা অ্যানিম্ল্স্।]– শব্দগুলোর নামের সাথে চিত্র/ছবিগুলোর মিল করো।

**Polar bear**
[পোলা(র্) বিয়া(র্)]– শ্বেতভল্লুক



**Lion**
(লাইআন্)– সিংহ



**Crocodile**
(ক্রকডাইল্)– কুমির



**Ans.**

**Crocodile**
(ক্রকডাইল্)– কুমির



**Polar bear**
[পোলা(র) বিয়া(র)]– শ্বেতভল্লুক



**Lion**
(লাইআন্)– সিংহ



## Let's Practice – এসো অনুশীলন করি

▶ **Fill in the gaps with the best word from the box.** (বক্স থেকে সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করো।)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| hill | while | forest | three | mane | water | one |

(a) There are ________ animals in the picture.
(b) A crocodile lives in ________.
(c) A lion lives in the ________.
(d) A polar bear is ________ in colour.
(e) The lion has ________ around his head.

**Ans.**

(a) three (b) water (c) forest (d) white (e) mane

**B** **Listen to the rhyme. When you listen to the name of an animal, make the sound made by that animal.** (লিস্‌ন্ টু দা রাইম। হোএন ইউ লিস্‌ন্ টু দা নেইম্ অভ্ আন অ্যানিম্‌ল্, মেইক দা সাউন্‌ড্ মেইড বাই দ্যাট অ্যানিম্‌ল্।)– ছড়াটি শোনো। যখন তুমি একটি প্রাণীর নাম শুনবে, তখন ঐ প্রাণী কর্তৃক সৃষ্ট শব্দ তৈরি করবে।

**Ans.**

| Animal | | Sound |
|---|---|---|
| Crocodile | — | bellow |
| Polar bear | — | growl |
| Lion | — | roar |

## Session-50 (২) Textbook Activity C

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 46*

**C Now, read aloud the rhyme below.**
(নাউ, রীড্ আলাউড্ দা রাইম বিলোউ।)– এখন, নিচের ছড়াটি উচ্চস্বরে পড়ো।

**Row, Row, Row Your Boat** [রো:, রো, রো ইয়ো(র) বৌট্]– দাঁড় টানো, দাঁড় টানো, তোমার নৌকার দাঁড় টানো

Row, row, row your boat
Gently down the stream
Merrily, merrily, merrily, merrily
Life is but a dream.
Row, row, row your boat
Gently up the creek.
If you see a crocodile
Don't forget to shriek!
Row, row, row your boat
Gently down the river.
If you see a polar bear
Don't forget to scream!
Row, row, row your boat
Gently to the shore
If you see a lion there
Don't forget to roar!



| Row, Row, Row Your Boat | উচ্চারণ | বঙ্গানুবাদ |
|---|---|---|
| Row, row, row your boat | রো:, রো:, রো: ইয়ো(র) বৌট্ | দাঁড় টানো, দাঁড় টানো, তোমার নৌকার দাঁড় টানো |
| Gently down the stream | জেন্ট্লি ডাউন দা স্ট্রীম | মৃদুভাবে নদীর অনুকূলে |
| Merrily, merrily, merrily, merrily | মেরিলি, মেরিলি, মেরিলি, মেরিলি | সানন্দে, সানন্দে, সানন্দে, সানন্দে |
| Life is but a dream. | লাইফ ইজ বাট আ ড্রীম। | জীবন স্বপ্ন ছাড়া কিছুই নহে। |
| Row, row, row your boat | রো:, রো:, রো: ইয়ো(র) বৌট্ | দাঁড় টানো, দাঁড় টানো, তোমার নৌকার দাঁড় টানো |
| Gently up the creek. | জেন্ট্লি আপ দা ক্রীক। | মৃদুভাবে ছোট নদীর প্রতিকূলে। |
| If you see a crocodile | ইফ ইউ সী আ ক্রকডাইল | যদি তুমি দেখো একটি কুমির |
| Don't forget to shriek! | ডোউন্ট্ ফো(র)গেট টু শ্রীক! | ভুলো না করতে তীক্ষ্ণ চিৎকার! |
| Row, row, row your boat | রো:, রো:, রো: ইয়ো(র) বৌট্ | দাঁড় টানো, দাঁড় টানো, তোমার নৌকার দাঁড় টানো |
| Gently down the river. | জেন্ট্লি ডাউন দা রিভা(র)। | মৃদুভাবে নদীর অনুকূলে। |
| If you see a polar bear | ইফ ইউ সী আ পোলা(র) বিয়া(র) | তুমি যদি দেখো একটি শ্বেতভল্লুক |
| Don't forget to scream! | ডোউন্ট্ ফ(র)গেট টু স্ক্রীম! | ভুলো না করতে চিৎকার! |
| Row, row, row your boat | রো:, রো:, রো ইয়ো(র) বৌট | দাঁড় টানো, দাঁড় টানো, তোমার নৌকার দাঁড় টানো |
| Gently to the shore | জেন্ট্লি টু দা শো(র) | মৃদুভাবে তটের দিকে |
| If you see a lion there | ইফ ইউ সী আ লাইআন দেয়া(র) | যদি তুমি দেখো সেখানে একটি সিংহ |
| Don't forget to roar! | ডোউন্ট্ ফ(র)গেট টু রো:(র)! | ভুলো না করতে আর্তচিৎকার! |

ইংরেজি

## Let's Practice ~ এসো অনুশীলন করি

1. **Write true or false. (সত্য অথবা মিথ্যা লিখো।)**
   (a) We should row our boat up the stream.
   (b) One should row a boat down the river.
   (c) One rows a boat to the hill.
   (d) A lion roars.
   (e) A polar bear shrieks.

   **Ans.**
   (a) False (b) True (c) False (d) True (e) False

2. **Pick out the pairs of 'rhyming words' from the poem.**

   **Ans.**
   stream — dream
   creek — shriek

## Session-51 Textbook Activity C & D

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 46*

**D** **Do you have a similar rhyme in your own language? If so, please share it in whole class.** [ডু ইউ হ্যাভ্ আ সিমিলা(র) রাইম ইন ইয়ো(র) ওউন ল্যাঙ্গুইজ? ইফ সো, প্লীজ শেয়া(র) ইট ইন হোউল ক্লাস্।]– তোমার নিজ ভাষায় একই রকম ছড়া আছে কি? যদি থাকে, দয়া করে সেটি পুরো শ্রেণিতে ভাগাভাগি করো।

**Vocabulary** (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার :
stream (স্ট্রীম্)*n.*– ক্ষুদ্র স্রোত/প্রবাহ = small river – ছোট নদী
creek (ক্রীক্)*n.*– খাঁড়ি = bay (বে)– বড়ো হ্রদের অংশ বা উপসাগর
merrily (মেরিলি)*adv.*– আনন্দের সহিত = happily – খুশির সহিত
scream (স্ক্রীম্)*v.*– চিৎকার করা = shout – চিৎকার করা/চেঁচানো

**Grammar Point** সাধারণত adjective-এর সঙ্গে –ly যুক্ত করে adverb গঠন করা যায়। যেমন–
merry (adj.) → merrily (adv.)    happy (adj.) → happily (adv.)
[বি. দ্র. শেষের letter 'y' থাকলে 'y'-এর পরিবর্তে 'i' হবে এবং তারপর 'ly' হবে।]

**Ans.**

মাঝি
— রবীন্দ্রনাথ ঠাকুর

আমার যেতে ইচ্ছে করে
নদীটির ওই পারে–
যেথায় ধারে-ধারে
বাঁশের খোঁটায় ডিঙি নৌকা
বাঁধা সারে-সারে।
কৃষাণেরা পার হয়ে যায়
লাঙল কাঁধে ফেলে;
জাল টেনে নেয় জেলে,
গরু মহিষ সাঁতরে নিয়ে
যায় রাখালের ছেলে।
সন্ধে হলে যেখান থেকে
সবাই ফেরে ঘরে
শুধু রাতদুপুরে
শেয়ালগুলো ডেকে ওঠে
ঝাউডাঙাটার 'পরে।
মা, যদি হও রাজি,
বড়ো হলে আমি হব
খেয়াঘাটের মাঝি।

(সংক্ষেপিত)

**Unit-04**
**LESSON-04**

## Say the middle sounds /ɑː/ and /ʌ/

(সেই দা মিড্‌ল্ সাউন্‌ড্‌স্ 'আ:' আন্‌ড্‌ 'আ') – মধ্য ধ্বনি আ: /ɑː/ এবং আ /ʌ/ বলি

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা মধ্যবর্তী ধ্বনি বলতে শিখবে। **Activity A**-তে শিক্ষক ছবি দেখে ও শুনে শব্দগুলো শিক্ষার্থীদের বলতে বলবেন। **Activity B**-তে প্রতিটি শব্দ শুনে মধ্যবর্তী ধ্বনিসহ বলতে বলবেন। **Activity C**-তে শব্দগুলো বলতে বলবেন। **Activity D**-তে তিনি শব্দ শুনে মধ্যবর্তী ধ্বনিসহ বলতে বলবেন। **Activity E**-তে ছবি দেখে বাক্যগুলো শুনতে এবং বলতে বলবেন। **Activity F**-এ একই ধ্বনির প্রতি জোড়া শব্দের পাশে S এবং ভিন্ন ধ্বনির জোড়ার পাশে D লিখতে বলবেন। **Activity G**-তে শিক্ষক শিক্ষার্থীদের শব্দ শুনে লিখতে এবং তারপর বলতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Saying the middle sounds with appropriate pronunciation (যথাযথ উচ্চারণসহ মধ্যবর্তী ধ্বনি বলা)
- Looking at the pictures saying middle sounds (ছবি দেখে মধ্যবর্তী ধ্বনি বলা)
- Choosing pair of words with middle sounds (মধ্যবর্তী ধ্বনিযুক্ত শব্দ জোড়া বাছাই করা)

### VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভান্ডার

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **bard** (বা:ড্)*n.*~চারণ কবি/ভ্রাম্যমান গায়ক-কবি | *a poet who composes lyrical poems* SYN **poet** – কবি | Lalon was a great bard. (লালন ছিল একজন বিখ্যাত চারণ কবি।) |
| **bud** (বাড্)*n.* ~কুঁড়ি, মুকুল | *a small part of a plant that develops into a flower or leaf* SYN **sprout** – অঙ্কুর | The tree is in bud. (গাছে মুকুল ধরেছে।) |
| **card** (কা:ড্)*n.* ~পরিচয়পত্র, কার্ড | *a piece of plastic containing personal data* | Shwo your identy card. (তোমার পরিচয়পত্র দেখাও।) |
| **cart** (কা:ট্)*n.*~মালবাহী ছোট ঠেলা গাড়ি, ঘোড়ার গাড়ি | *a type of vehicle for carying goods* SYN **wagon** – গরু বা ঘোড়ার গাড়ি | It is a cart. (এটি একটি ঘোড়ার গাড়ি।) |
| **hear** [হিআ(র্)]*v.*~শোনা | *receive the sound or talk with the ear* SYN **listen** – মনোযোগ সহকারে শোনা | Can you hear me? (আমাকে শুনতে পাচ্ছো?) |
| **heart** (হা:ট্)*n.*~হৃদয় | *the organ inside our chest that sends blood around the body* | My father has heart disease. (আমার বাবার হৃদরোগ আছে।) |
| **hush** (হাশ্)*v.* ~নীরব করা, চুপ করা/করানো | *to make quiet or stop talking* OPP **shout** – চিৎকার করা | Hush now and sleep. (এখন চুপ করো এবং ঘুমাও।) |
| **hut** (হাট্)*n.*~কুঁড়েঘর | *a small house or shelter* OPP **building** – অট্টালিকা | The widow lives in a hut. (বিধবা একটি কুঁড়েঘরে বাস করে।) |
| **mug** (মাগ্)*n.*~মগ | *a large cup* SYN **cup** – পেয়ালা | Please, give me a mug of water. (দয়া করে আমাকে এক মগ পানি দাও।) |
| **nut** (নাট্)*n.*~বাদাম | *the dry fruit of particular trees which grows in a hard shell and can often be eaten* SYN **almond** – কাঠবাদাম | I like nut very much. (আমি বাদাম খুব পছন্দ করি।) |
| **rose** (রো:জ্)*n.*~গোলাপ | *a flower with a plasent smell and thorns* | The rose is a lovely flower. (গোলাপ একটি চমৎকার ফুল।) |
| **sing** (সিঙ্)*v.*~গান গাওয়া | *to make musical sounds with one's voice* SYN **carol** – ভক্তিগীত গাওয়া | She sings well. (সে ভালো গান গায়।) |

## Session-52 Textbook Activity A, B, C & D

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 47, 48*

**A Look, listen and say the words.** (লুক্, লিস্‌ন্ আন্‌ড্ সেই দা ওয়া:ড্‌স্।)– শব্দগুলো দেখো, শোনো এবং বলো।

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| cart (কা:ট্)– মালবাহী গাড়ি | heart (হা:ট্)– হৃদয় | bard (বা:ড্)– বাউল/ চারণকবি | card (কা:ড্)– কার্ড |
| /ka:t/ | /ha:t/ | /ba:d/ | /ka:d/ |

**লক্ষ করো**

উপরের শব্দগুলোর উচ্চারণে middle sound হিসেবে /ɑ/-এর উচ্চারণ কিছুটা বিবৃত বা দীর্ঘ হয়েছে যা /ɑ:/ প্রতীক দ্বারা প্রকাশ করা হয়। বাংলায় এর উচ্চারণ /আ:/-এর কাছাকাছি।

**B** **Listen and say the words in A above and their middle sounds. Finally, say the words again, for example :** [লিস্‌ন্ আন্‌ড্ সেই দা ওয়া:ড্‌স্ ইন এই আবাভ্ আন্‌ড্ দেয়া(র) মিড্‌ল্ সাউন্‌ড্‌স্। ফাইনালি, সেই দা ওয়া:ড্‌স্ আগেন, ফ(র) ইগ্‌জাম্প্‌ল্]– উপরের A-এর শব্দসমূহ এবং তাদের মধ্য ধ্বনি শোনো এবং বলো। সবশেষে, শব্দগুলো আবার বলো। উদাহরণস্বরূপ :

T: cart (কা:ট্) Ss: cart (কা:ট্)
T: ɑ(/ɑ:/) (আ:) Ss: (/ɑ:/) (আ:)
T: cart (কা:ট্) Ss: cart (কা:ট্).
Say the middle sound in hard. S1: ............ Continue .......

**Ans.**

S1 : Say the middle sound in **hard.** S1 : a (/a:/) → হা:ড্
say the middle sound in **heart.** S2 : a (/a:/) → হা:ট্
say the middle sound in **card.** S3 : a (/a:/) → কা:ড্
say the middle sound in **bard.** S4 : a (/a:/) → বা:ড্

## Let's Practice ~ এসো অনুশীলন করি

► **Fill in the gaps with the right word from the box.** (বক্স থেকে সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করো।)

| hat | mat | on | tail | two |
|---|---|---|---|---|

(a) There is a cat ________ a mat.
(b) The cat wears a ________ on the head.
(c) The ________ of the cat looks like a rope.
(d) The bag is on the ________.
(e) There are ________ cats in the picture.

**Ans.**

(a) on (b) hat (c) tail (d) mat (e) two

**C** **Look, listen and say the words.** (লুক্ লিস্‌ন্ আন্‌ড্ সেই দা ওয়া:ড্।)– শব্দগুলো দেখো, শোনো এবং বলো।

|  |  |  |  |
|---|---|---|---|
| cut (কাট্)– কাটা/কেটে যাওয়া | hut (হাট্)– কুটির/কুঁড়ে ঘর | bud (বাড্)– কুঁড়ি | hush (হাস্)– চুপ করা |

**D** **Listen and say the words with their middle sound /ʌ/ (short).** [লিস্‌ন্ আন্‌ড্ সেই দা ওয়া:ড্‌স্ উইদ দেয়া(র) মিড্‌ল্ সাউন্‌ড্ 'আ' (শর্ট)]– মধ্য ধ্বনি 'আ' যুক্ত শব্দগুলো শোনো এবং বলো।

T: bud (বাড্) Ss: bud (বাড্)
T: 'u' /ʌ/ → আ Ss: 'u' /ʌ/ → আ
T: bud (বাড্) Ss: bud (বাড্)
T: cut (কাট্) S1 : cut / u (/ʌ/) → কাট্ – আ
Continue .........

**Ans.**

T : hut (হাট্) S2 : u (/ʌ/)
T. hush (হাশ্) S3 : u (/ʌ/)

**লক্ষ করো**

/ʌ/-এই সংকেতটি একটি short vowel sound, যার উচ্চারণ /আ/-এর কাছাকাছি। এটি খুব দ্রুত ও হালকাভাবে উচ্চারণ করতে হয়। যেমন– but = /bʌt/ → বাট্

## Session-53 Textbook Activity E, F & G

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 48, 49*

**E** **Look, listen and say.** (লুক, লিস্‌ন্ আন্‌ড্ সেই।)– দেখো, শোনো এবং বলো।

| | | |
|---|---|---|
|  |  |  |
| The bard sings.<br>(দা বা:ড্ সিঙস্।)<br>– বাউল কবি গান গায়। | The rose is in bud.<br>(দা রো:জ ইজ্ ইন্ বাড্।)<br>– গোলাপটি কুঁড়ি অবস্থায় আছে। | The cut in his finger is bad.<br>[দা কাট ইন্ হিজ্ ফিঙগা(র) ইজ ব্যাড্।]<br>– তার আংগুলের কেটে যাওয়া অংশ বেশ ক্ষতিকর। |

| | |
|---|---|
|  |  |
| They live in a hut.<br>(দেই লিভ্ ইন আ হাট্।)<br>– তারা কুটিরে/কুঁড়ে ঘরে বাস করে। | Show me your ID card.<br>[শো: মী ইয়ো(র) আইডি কা:ড্।]<br>– তোমার আইডি কার্ড আমাকে দেখাও। |

### Let's Practice ~ এসো অনুশীলন করি

▶ **Fill in the gaps with the best word from the box.** (বক্স থেকে সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করো।)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| cut | bard | term | hut | card | tin | buds |

(a) The ________ sings songs.
